দৈনিক ইত্তেফাক

তারিখ 19 NOV 1988
পৃষ্ঠা ... ২ কলাম ৪

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

223

## প্রাথমিক বিদ্যালয় ও ডাকঘর চাই

নোয়াখালীর সেনবাগ উপজেলার পশ্চিম প্রান্তে অবস্থিত ফতেপুর একটি বর্ধিষ্ণু গ্রাম। কিন্তু দুঃখের বিষয়, গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নাই। গ্রামবাসী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট এ ব্যাপারে বহু আবেদন নিবেদন করিয়াছে, কিন্তু কোন ফলোদয় হয় নাই।

গ্রামে কোন ডাকঘরও নাই। গ্রামে একটি শাখা পোষ্ট অফিস স্থাপনের জন্য ১৯৮৫ সালের পহেলা সেপ্টেম্বর গ্রামবাসী নোয়াখালী ডাক বিভাগীয় প্রধানের নিকট দরখাস্ত করিয়াছিলেন। অনুসন্ধানে জানা গিয়াছে, দরখাস্তখানি একবার চট্টগ্রাম অফিস, একবার দাগনভুঁইয়া পোষ্ট অফিস, আবার নোয়াখালী প্রধান কার্যালয়—এই কক্ষপথে ঘুরিতেছে। ফলে গ্রামবাসীর দুর্ভোগের সমাপ্তি ঘটিতেছে না। তাই, অবিলম্বে ফতেপুরে একটি প্রাথমিক বিদ্যালয় ও একটি শাখা পোষ্ট অফিস স্থাপনের ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—গ্রামবাসীর পক্ষে মোঃ নূরউল্লাহ, ফতেপুর, জমিদারহাট, নোয়াখালী।

## ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

১৯৮৭ সালে অনুষ্ঠিত বিএ (পাস) পরীক্ষার ফলাফল দীর্ঘ ৭/৮ মাস পর প্রকাশ করা হয়। ফল প্রকাশের পর প্রায় দুই মাস অতিবাহিত হইতেছে। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে এই পাস কোর্সের ছাত্র-ছাত্রীদের মাষ্টার্স ডিগ্রীতে ভর্তির ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করিতে দেখা যাইতেছে না। এদিকে অসচ্ছল অভিভাবক ও ছাত্রদের জন্য এভাবে সময় অতিবাহিত হওয়ার বিষয়টি অস্বস্তিকর ও দুর্বিষহ।

অতএব অনতিবিলম্বে মাষ্টার্স ডিগ্রীতে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি দানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সমীপে সবিনয় আবেদন জানাইতেছি।

—মোহাম্মদ জাহাঙ্গীর কবীর ও আজহারুদ্দীন বাদল, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা।